



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh. Phone: 0371-61328

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৮ আগস্ট ২০০৬

প্রেস বিজ্ঞপ্তি

**খাগড়াছড়ির মাইসছড়িতে ভূমি বেদখলে বাধাদানকারীদের ওপর হামলার নিন্দা**

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট চট্টগ্রাম ইউনিট আজ এক বিবৃতিতে গতকাল উত্তর পার্বত্য চট্টগ্রাম খাগড়াছড়ির মাইসছড়িতে ভূমি বেদখলে বাধাদানকারী পাহাড়ীদের ওপর সেটলার হামলা ও এতে একজন আহত হওয়ার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে।

ঘটনার বর্ণনা দিয়ে বিবৃতিতে বলা হয়, গত ২৭ আগস্ট সকাল দশটায় সেনা প্রহরায় শতাধিক সেটলার মাইসছড়ির উগুদোছড়িতে গিয়ে বিহার পাড়া নামক জায়গা জোরপূর্বক দখলের উদ্দেশ্যে ঝোপ ঝাড় পরিষ্কার করতে থাকে। এতে এলাকাবাসী বাধা প্রদান করলে সেটলাররা তাদের ওপর দা ও লাঠিসোটা দিয়ে হামলা চালায়। এই হামলায় দীপু চাকমা (২৫) পীং দয়াল কুমার চাকমা নামে এক ব্যক্তি গুরুতর আহত হয়। তাকে খাগড়াছড়ি সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বিবৃতিতে অবিলম্বে ভূমি বেদখল বন্ধ করার আহ্বান জানিয়ে বলা হয়, একটি বিশেষ স্বার্থাশ্বেষী মহল আগামী সংসদ নির্বাচনকে সামনে রেখে পার্বত্য চট্টগ্রামের পরিস্থিতি অশান্ত ও অস্থিতিশীল করার জন্য সেটলারদের দিয়ে একের পর এক ভূমি আত্মসন চালাচ্ছে।

বিবৃতিতে ভূমি দস্যু ও তাদের মদদদাতাদের বিচার ও আহত দীপু চাকমাকে যথাযথ ক্ষতিপূরণ প্রদানের দাবি জানানো হয়েছে।

বার্তা প্রেরক

**রিপন চাকমা**

প্রেস সেকশন

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

চট্টগ্রাম ইউনিট